তারিখ ঃ ০৬ নভেম্বর, ২০২৫
স্মারক নং ঃ রিহ্যাব/২০২৫/১৪৫৬৮

বরাবর
রিহ্যাবের সম্মানিত সদস্যবৃন্দ

**বিষয় ঃ বসুন্ধরা আবাসিক এলাকায় রিহ্যাব সদস্যদের প্রকল্পের ডকুমেন্টেশন-ফি/Acceptence-Fee হ্রাসকৃত মূল্যে ছাড়পত্র গ্রহণ প্রসঙ্গে।**

জনাব,
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বসুন্ধরা আবাসিক এলাকায় রেজিষ্ট্রিকৃত আম-মোক্তারনামা বলে গৃহীত ভবন নির্মাণ প্রকল্পের ডকুমেন্টেশন-ফি / Acceptence-Fee বৃদ্ধি করেছে মর্মে রিহ্যাব সদস্যরা পত্র প্রেরণ করে। এই প্রেক্ষিতে রিহ্যাব পরিচালনা পর্ষদের প্রচেষ্টায় বসুন্ধরা কর্তৃপক্ষের সাথে বৈঠক করা হয়। অত:পর নিম্ন লিখিত সিদ্ধান্ত হয় **"শুধু মাত্র রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের প্রকল্প সমূহের ডকুমেন্টেশন-ফি/ Acceptence-Fee হ্রাসকৃত মূল্যে ছাড়পত্রের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে। তবে রিহ্যাব সদস্যদের এই আবেদন পত্রের তালিকা রিহ্যাব সভাপতি কর্তৃক সুপারিশকৃত হতে হবে"।**

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল রিহ্যাব সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে, উল্লেখিত সিদ্ধান্ত অনুসারে বসুন্ধরা আবাসিক এলাকায় গ্রহণকৃত প্রকল্পের ডকুমেন্টেশন ফি'র হ্রাসকৃত মূল্যের ছাড়পত্রের জন্য আবেদনপত্র জমা দিতে পারবেন। রিহ্যাব আশা করে যে, এই সিদ্ধান্ত রিহ্যাব সদস্যদের জন্য সহায়ক ও ফলপ্রসূ হবে।

এক্ষেত্রে বসুন্ধরা আবাসিক এলাকার আবেদনপত্র বা তথ্যাদি রিহ্যাব সচিবালয়ে প্রেরণ করার মাধ্যমে রিহ্যাবের সহযোগিতা গ্রহণের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

লিয়াকত আলী ভূইয়া
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, রিহ্যাব।

সংযুক্তি : নমুনা ফরম

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH REHAB

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

# রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের প্যাডে নমুনা পত্র

তারিখ ঃ

বরাবর
প্রেসিডেন্ট
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

বিষয়ঃ **বসুন্ধরা আবাসিক এলাকায় ভবন নির্মাণ প্রকল্পের হ্রাসকৃত মূল্যে Acceptance Fee গ্রহণের জন্য আবেদন।**

জনাব,
যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে,নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি.........(রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম) এর পক্ষে.......ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এর অনুকূলে সাব-রেজিস্ট্রি অফিস-ঢাকা কর্তৃক রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিল নং-...........মূলে আম-মোক্তার গ্রহীতা হিসেবে উক্ত প্লটের উপর ভবন নির্মাণ সহ যাবতীয় কাজ করার জন্য নিযুক্ত হয়েছি; যাহার প্লট নং-.......... রোড নং-............ ব্লক নং-..........বসুন্ধরা আবাসিক এলাকা ঢাকা জমির পরিমাণ .......... কাঠা।

বসুন্ধরা আবাসিক এলাকা রিহ্যাব সদস্যের ভবন নির্মাণে হ্রাসকৃত আম-মোক্তার দলিলে Acceptance Fee গ্রহণের জন্য প্রকল্পের বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলোঃ

| ক্রমিক নং | রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম | রিহ্যাব সদস্য নং | প্রকল্পের নাম | বসুন্ধরা প্লট নং | ব্লক নং | রোড নং | প্রকল্পের মোট জমির পরিমাণ | বসুন্ধরা প্রকল্প ফাইল নং |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | P1 - ...... |
| ২ | | | | | | | | P2 - ...... |

অতএব......(রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম) এর নামে উল্লেখিত প্লটটির **বসুন্ধরা আবাসিক এলাকায় ভবন নির্মাণ প্রকল্পের হ্রাসকৃত মূল্যে Acceptance Fee** গ্রহণের জন্য অনুরোধ করছি।

**সিলের জন্য জায়গা রাখতে হবে**

ধন্যবাদান্তে,

ব্যবস্থাপনা পরিচালক
......................

(রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম)
সংযুক্তি ঃ ১. রিহ্যাব সদস্য সনদ (আপডেট সনদ)

**সিলের জন্য জায়গা রাখতে হবে**